**Question no 11.উন্নয়নে নারী বা Women in Development (WID)**

## উওর:

Women in Development (WID) একটি উন্নয়নধারার ধারণা, যা ১৯৭০-এর দশকে আন্তর্জাতিক উন্নয়ন চর্চায় আবির্ভূত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর অনেক উন্নয়ন প্রকল্পে নারীদের অবদান এবং চাহিদা উপেক্ষিত ছিল। ফলে দেখা যায়, নারীরা উন্নয়নের সুফল থেকে বঞ্চিত হচ্ছেন। এই প্রেক্ষাপটে WID পদ্ধতি দাবি করে যে, নারী উন্নয়নের বাইরে নয়—তাঁদেরকেও উন্নয়ন কর্মকাণ্ডের উপকারভোগী ও অংশীদার হিসেবে দেখতে হবে। নারীদের জন্য আলাদা প্রকল্প ও সম্পদ বরাদ্দের মধ্য দিয়েই এই পদ্ধতি চালু হয়।

### WID পদ্ধতির মূল দর্শন

1. নারীরা উন্নয়নের অংশ, বোঝা নয়। নারীরা শুধু সাহায্যপ্রাপ্ত নয়, উন্নয়নের একজন সক্রিয় অংশগ্রহণকারী হতে পারেন।

2. উন্নয়নের স্রোতে নারীদের টেনে আনা। যেসব খাতে পুরুষদের আধিপত্য ছিল, সেখানে নারীদের সুযোগ সৃষ্টি করে "সুষম উন্নয়ন" নিশ্চিত করা।

3. নারীদের ব্যবহারিক চাহিদা পূরণ করা।

   যেমন: স্বাস্থ্য, শিক্ষা, খাদ্য, পানীয় জল, স্যানিটেশন, শিশু পালন ইত্যাদি।

### WID-এর প্রধান লক্ষ্যসমূহ

1) নারীদের অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করা।

2) শিক্ষা, স্বাস্থ্য ও কর্মসংস্থান ক্ষেত্রে সুযোগ বাড়ানো।

3) সামাজিক সেবামূলক কর্মসূচিতে নারীদের অন্তর্ভুক্ত করা।

4) নারীর জন্য প্রকল্পভিত্তিক সুবিধা তৈরি করা (যেমনঃ নারী হস্তশিল্প প্রকল্প)

5) নারীদের জন্য আলাদা প্রশিক্ষণ কর্মসূচি যেমন,
সেলাই, বুটিক, হাঁস-মুরগি পালন ইত্যাদি

6) নারী উদ্যোক্তাদের জন্য ক্ষুদ্রঋণ সুবিধা
যেমন,গ্রামীণ ব্যাংকের প্রকল্প

7) নারীশিক্ষা সম্প্রসারণ প্রকল্প যেমন

মেয়েদের জন্য উপবৃত্তি, বিনামূল্যে শিক্ষা

8) নারী স্বাস্থ্যসেবা প্রকল্প যেমন

মাতৃস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ইত্যাদি